সংবাদ

12 FEB 2007

# ময়মনসিংহে স্কুল বিতর্ক প্রতিযোগিতা

**ময়মনসিংহ ব্যুরো**

ময়মনসিংহ সদর উপজেলার সিরতা ইউনিয়নে গ্রামীণ এডভোকেসি সেন্টার সিরতার উদ্যোগে রেনেসাঁ বালিকা উচ্চ বিদ্যালয়ে স্কুল বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

জয়বাংলা বাজারের রেনেসাঁ বালিকা উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত বিতর্ক প্রতিযোগিতার বিষয় ছিল 'অভিভাবকদের অসচ্ছলতাই শিক্ষার অন্তরায়'। বিতর্ক প্রতিযোগিতায় চর খরিচা উচ্চ বিদ্যালয় চ্যাম্পিয়ন ও রেনেসাঁ বালিকা উচ্চ বিদ্যালয় রানার্স আপ হওয়ার গৌরব অর্জন করে। শ্রেষ্ঠ বক্তা নির্বাচিত হয় রেনেসাঁ বালিকা উচ্চ বিদ্যালয়ের মৌসুমী আক্তার।

বিতর্ক প্রতিযোগিতায় সভাপতিত্ব করেন গ্রামীণ এডভোকেসি সেন্টার সিরতার সভাপতি আবদুল জব্বার। বিতর্কের বিষয়ে পক্ষে চর খরিচা উচ্চ বিদ্যালয় এবং বিপক্ষে রেনেসাঁ বালিকা উচ্চ বিদ্যালয় অংশগ্রহণ করে।

চর খরিচা উচ্চ বিদ্যালয়ের পক্ষে বিতর্কে অংশগ্রহণ করে খায়রুন নাহার, আকলিমা আক্তার, তাবাসসুম মিজান, রুনা আক্তার ও বিলকিস আক্তার (দলনেতা) এবং রেনেসাঁ বালিকা উচ্চ বিদ্যালয়ে পক্ষে বিতর্কে অংশগ্রহণ করে মাহফুজ তাবাসসুম, নাসরিন আক্তার, ফারজানা আক্তার ঝুমা, ফাতেমা-তুজ-জোহরা টুম্পা ও মৌসুমী আক্তার (দলনেতা)।

প্রতিযোগিতায় বিচারকের দায়িত্ব পালন করেন নিউজ টুডের ময়মনসিংহ জেলা প্রতিনিধি ফজলুর রহমান সিদ্দিকী, দৈনিক সংবাদের ময়মনসিংহ ব্যুরো চিফ জিল্লুর রহমান খান ও এডভোকেসি সেন্টার সিরতার সদস্য সাইদউদ্দিন আহম্মদ। অনুষ্ঠানটি পরিচালনা করেন গ্রামীণ এডভোকেসি সেন্টার সিরতার দলনেতা জহিরুল ইসলাম ভুট্টো।

প্রাণবন্ত প্রতিযোগিতা অনুষ্ঠানের পর পুরস্কার বিতরণ করেন নিউজ টুডের ময়মনসিংহ জেলা প্রতিনিধি ফজলুর রহমান সিদ্দিকী।